

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/ ৪৩৭

তারিখঃ ২৬/১২/২০১৭ খ্রিঃ


নিয়োগ আদেশ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ০৪ অক্টোবর, ২০১৭ তারিখের ০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/২৮৭ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত ৩ (তিন) জন প্রার্থীকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (হিসাব কোষ) পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেড-এর ৯৩০০-২২৪৯০/- টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	প্রার্থীর স্থায়ী ঠিকানা
১।	২০২০০১৬২	মিজ্ লিজা আক্তার পিতাঃ মোঃ নুরুল হদা	গ্রামঃ অরণ্য পাশা, ডাকঘরঃ গাংগাইল উপজেলাঃ নান্দাইল জেলাঃ ময়মনসিংহ।
২।	২০২০০২৮২	জনাব মোঃ আবুল কাশেম পিতাঃ মৃত সাফিউদ্দিন	গ্রামঃ গাংকুলকান্দী, ডাকঘরঃ লেবুতলা উপজেলাঃ মনোহরদী জেলাঃ নরসিংদী।
৩।	২০২০০৭৩৯	জনাব আব্দুর রাজ্জাক পিতাঃ মোঃ জাফর ইসলাম	গ্রামঃ অভিরামপুর, ডাকঘরঃ রামগঞ্জ উপজেলাঃ রামগঞ্জ জেলাঃ লক্ষীপুর।

২। শর্তাবলীঃ

- ক) তাঁকে ০২ বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করা যাবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে।
- খ) সন্তোষজনক পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে। অন্যথায় এ নিয়োগ বাতিল করা হবে।
- গ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ঘ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।
- ঙ) তাঁকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদনের মূল কপিসহ চাকরিতে যোগদান করতে হবে।
- চ) চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- ছ) প্রার্থীকে নাগরিকত্ব সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে দাখিলকৃত সনদপত্রের বিষয়ে ভিন্ন তথ্য পাওয়া গেলে নিয়োগ বাতিল করা হবে।
- জ) চাকরিতে যোগদানের সময় সরকার নির্ধারিত ফরমে সম্পদের বিবরণী দাখিল করতে হবে।
- ঝ) তাঁকে আগামী ১০ জানুয়ারি, ২০১৮ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রশাসন-২ শাখা (ব্লক নং-১০, কক্ষ নং-২৫, তৃতীয় তলা, শেরে বাংলা নগর, ঢাকা)-তে যোগদান করতে হবে।



(আসিফ আনাম সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/ ৪৩৭

তারিখঃ ২৬/১২/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক,----- (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। সিভিল সার্জন, ----- (স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ইআরডি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)
- ৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৯। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১০। যুগ্ম-সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১১। সংশ্লিষ্ট নথি/ব্যক্তিগত নথি।


(আসিফ আনাম সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব